গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৪.১৬.০০২.২০.৩৮ তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭
২০ জুলাই ২০২০

বিষয়: **মাঠ পর্যায়ে উপজেলা, জেলা ও বিভাগীয় মৎস্য কর্মকর্তাদের মৎস্য ও মৎস্যপন্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা/ ১৯৯৭ ( ২০০৮, ২০১৪ সালে সশোধিত ) এর আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত বিধি প্রয়োগের ক্ষমতা অর্পন প্রসঙ্গে।**

**অফিস আদেশ**

মৎস্য ও মৎস্যপন্য (পরিদর্শন ও মানিনয়ন্ত্রণ) বিধিমালা/১৯৯৭ (২০০৮, ২০১৪ ও ২০১৭ সালে সংশোধিত) এর বিধি-৩ এর ক্ষমতা বলে মাঠ পর্যায়ে উপজেলা, জেলা ও বিভাগীয় মৎস্য কর্মকর্তাদের মাননিয়ন্ত্রণ বিধিমালা অনুসারে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিধিসমূহের বিধানাবলী বাস্তবায়ন করার ক্ষমতা অর্পণ করা হলোঃ

১। বিধি-৪(১) বাস্তবায়ন করার ক্ষেত্রে কেউ উক্ত বিধি লংঘন করলে বিধি-৪(২) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
২। বিধি-৪ এর উপবিধি (৩), (৪), (৫) এবং (৬) বাস্তবায়নের ক্ষমতা।
৩। বিধি- ৫ এর উপবিধি- (২), (৩) ও (৪) বাস্তবায়নের ক্ষমতা।
৪। বিধি-৫ এর উপবিধি (৭) ভংগ করলে উপবিধি (৮) অনুসারে এবং উপবিধি (১২) ভংগ করলে উপবিধি (১৫) অনুসারে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা।
৫। বিধি-৬ অনুসারে মৎস্য চাষের ক্ষেত্রে তফসিল ১৭,অভ্যন্তরীণ বাজারে মৎস্য বাজারজাতকরার ক্ষেত্রে তফসিল-১৮,পরিবহনের ক্ষেত্রে তফসিল-৫, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার এবং মৎস্য আড়তের ক্ষেত্রে তফসিল-৬ ও ৭ বরফকলের ক্ষেত্রে তফসিল-৮, ১০ এর কার্যক্রম পরিচালনা।
৬।বিধি-৯ উপবিধি (১) অনুসারে মাছ পরিবহনকারী যে কোন যান, মৎস্য চাষ খামার, হ্যাচারী, মৎস্য অবতরণ কেন্দ্র, সার্ভিস সেন্টার, আড়ত নিয়মিত পরিদর্শনকরণ এবং বিধি ৯(২) অনুযায়ী কার্যক্রম গ্রহণ।
৭। বিধি-৯ এর উপবিধি (৩) অনুসারে জরিমানা করার ক্ষমতা।
৮। বিধি- ১৪ ও ১৫ অনুসারে অভ্যন্তরীণ বাজারে মৎস্য সরবরাহ, রপ্তানির উদ্দেশ্যে কারখানা ও ডিপোতে মৎস্য সরবরাহ, নার্সারিতে পোনা চাষ, ঘেরে মৎস্য চাষ এবং বরফ কলে বরফ উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের সুপারিশ করা।
৯। বিধি-২০ এর উপবিধি-(১) অনুসারে জরিমানার অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা।
১০। বিধি- ২১ এর উপবিধি (১) ও (২) বাস্তবায়নের ক্ষমতা।

এখানে উল্লেখ্য যে, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মৎস্য চাষ হতে শুরু করে হ্যাচারী, নার্সারী, ডিপো, আড়ত,মৎস্য সরবরাহকারীর কার্যক্রম, বরফ কল এর কার্যক্রমসমূহ তদারকী ও বাস্তবায়ন করবেন। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সুযোগ সুবিধাসমূহ বিদ্যমান থাকলে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ এর নিকট সুপারিশ প্রেরণ করবেন। এই আদেশ ১৭-০৭-২০২০ খ্রি. তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য বলবৎ থাকবে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অর্পিত ক্ষমতা বাস্তবায়ন পরবর্তী অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরে দাখিল করতে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের উপ-পরিচালকগণকে উক্ত প্রতিবেদন একীভূত করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান

বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২০-৭-২০২০
কাজী শামস আফরোজ
মহাপরিচালক

...

ফোন: ৯৫৬২৮৬১
ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩
ইমেইল: dg@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৪.১৬.০০২.২০.৩৮/১(২০)

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭
২০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) বিভাগীয় উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/চট্টগ্রাম/রংপুর বিভাগ।

৩) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা ।

৪) জেলা প্রশাসক, ..........................

৫) জেলা মৎস্য কর্মকর্তা, ...................

৬) উপজেলা নির্বাহী অফিসার, ..................

৭) সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা / উপজেলা মৎস কর্মকর্তা ...................

৮) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা। অফিস আদেশ টি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো

২০-৭-২০২০
মারজিয়া সুলতানা
সহকারী পরিচালক